# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১) সম্প্রতি বিশ্বের বিভিন্ন অংশে দেখা দেওয়া ক্রমবর্ধমান উৎকণ্ঠা , অস্থিরতা এবং অশান্তির মত পরিস্থিতি সমূহের মধ্যে যোগ শান্তির পথ দেখায় বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ আর্ন্তজাতিক যোগ দিবস পালিত ।

৩) দেশের সামগ্রিক প্রত্যক্ষ কর সংগ্রহের পরিমান ২০২৫-২৬ অর্থ বছরে ৪ দশমিক ৮-৬ শতাংশ বৃদ্ধি ।

এবং

৪) গৌহাটি নীলাচল পাহাড়ের শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল থেকে অম্বুবাচী মহাযোগ । দেশ-বিদেশের সাধু-সন্ত এবং ভক্তদের সমাগম ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে সম্প্রতি বিশ্বের বিভিন্ন অংশে দেখা দেওয়া ক্রমবর্ধমান উৎকণ্ঠা , অস্থিরতা এবং অশান্তির মত পরিস্থিতি সমূহের মধ্যে যোগ শান্তির পথ দেখায় । বিশখাপত্তনামে আয়োজিত একাদশ আর্ন্তজাতিক যোগ দিবসের অনুষ্ঠানে নেতৃত্ব দিয়ে প্রধানমন্ত্রী বলেন যে এ নিয়ে ২১ জুন দিনটিতে সমগ্র বিশ্ববাসী একাদশবার যোগাভ্যাসের জন্য ঐক্যবদ্ধ হয়েছে । এর মাধ্যমে সমগ্র বিশ্বের জনসাধারণ সুন্দরভাবে একজোট হতে চাইছেন বলেও তিনি মত প্রকাশ করেন । তিনি বলেন যে মানব সমাজকে শ্বাস গ্রহণ , ভারসাম্য রক্ষা এবং সামগ্রিকভাবে একটি শক্তি হিসেবে পুনরায় অবতীর্ণ হওয়ার ক্ষেত্রে যোগ , পরিবর্তনের বাহক হিসেবে বিবেচিত হচ্ছে ।
বাইট--------

তিনি বলেন যে এবার যোগ দিবসের মূলমন্ত্র এক বিশ্ব এবং এক স্বাস্থ্যের জন্য যোগ বর্তমানের এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুখী তথা স্বাস্থ্যকর ভবিষ্যতের দিন নিশ্চিত করার উদ্দেশ্যে বিশ্ববাসী কিভাবে একজোট হতে পারে সেই কথাটিই স্মরণ করিয়ে দেয় । সমগ্র বিশ্বে যোগকে আরো অধিক প্রসারিত করার উদ্দেশ্যে ভারত যোগ বিজ্ঞানকে আধুনিক গবেষণার মাধ্যমে শক্তিশালী করে তোলার প্রয়াস করছে বলে উল্লেখ করে তিনি আরো বলেন যে দেশের প্রথমশারীর চিকিৎসা প্রতিষ্ঠানগুলি সম্প্রতি যোগ বিষয়টি নিয়ে গবেষণা শুরু করেছে । আর্ন্তজাতিকস্তরে যোগের বৈজ্ঞানিক দিকটিকে আধুনিক চিকিৎসা ব্যবস্থার সঙ্গে যুক্ত করার চেষ্টা চালানো হচ্ছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এটি শুধুমাত্র একটি প্রস্তাবের প্রতি সমর্থন করার বিষয় নয় , বরং মানব কল্যাণের জন্য এটি একটি সামগ্রিক প্রচেষ্টা হিসেবে পরিগণিত হয়েছে ।

বাংলাদেশের রাজধানী ঢাকার ভারতীয় হাই কমিশনার কার্যালয়ে আজ যোগ দিবস উপলক্ষে বিস্তৃত কার্যসূচির আয়োজন করা হয় । ইন্দিরা গান্ধী সাংস্কৃতিক কেন্দ্রের যোগ শিক্ষক এবং শিক্ষার্থীরা এই যোগ কার্যসূচির নেতৃত্ব প্রদান করে ।

-----------------------------------------------------------------------------------

এক বিশ্ব এক স্বাস্থ্য মূল মন্ত্রে আজ ভারতের সঙ্গে বিশ্বের বিভিন্ন দেশে একাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপন করা হয় । রাজ্যের বিভিন্ন স্থানেও আজ নানা কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে । চরাইদেউ জেলা প্রশাসন তথা জাতীয় আয়ুষ মিশন আসামের উদ্যোগে আয়োজিত যোগ দিবসের কার্যসূচিতে মন্ত্রী যোগেন মোহন অংশ গ্রহণ করেন । বিশ্ব ঐতিহ্যক্ষেত্র চরাইদেউ মৈদাম প্রাঙ্গনে আজ ভারতীয় পুরাতত্ব জরীপ বিভাগের গৌহাটি শাখার উদ্যোগে যোগ দিবস উদযাপন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

এক বিশ্ব এক স্বাস্থ্য মূল মন্ত্রে আজ ভারতের সঙ্গে বিশ্বের বিভিন্ন দেশে একাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপন করা হয় । রাজ্যের বিভিন্ন স্থানেও আজ নানা কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে । বাক্সা জেলার শালাবারীতে অনুষ্ঠিত রাজ্য সরকারের কেন্দ্রীয় কার্যসূচিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা অংশ গ্রহণ করেন । চরাইদেউ জেলা প্রশাসন তথা জাতীয় আয়ুষ মিশন আসামের উদ্যোগে আয়োজিত যোগ দিবসের কার্যসূচিতে মন্ত্রী যোগেন মোহন অংশ গ্রহণ করেন । বিশ্ব ঐতিহ্যক্ষেত্র চরাইদেউ মৈদাম প্রাঙ্গনে আজ ভারতীয় পুরাতত্ব জরীপ বিভাগের গৌহাটি শাখার উদ্যোগে যোগ দিবস উদযাপন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

যোগ ফর ওয়ান আর্থ, ওয়ান হেল্থ-- এই বার্তাকে সামনে রেখে সমগ্র বরাক উপত্যকায়ও আজ একাদশ আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । কাছাড় জেলায়ও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে । আজ সকালে শিলচরে ইন্ডিয়া ক্লাবের ইন্ডোর স্টেডিয়ামে জাতীয় আয়ুষ মিশন-আসাম এবং কাছাড়ের জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে একশো'রও বেশি যোগ অনুরাগী, শিক্ষার্থী, সরকারি আধিকারিক এবং বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন । এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের খাদ্য, গণবন্টন ও গ্রাহক পরিক্রমা, খনিজ এবং বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই । এতে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই বলেন যে- 'যোগ কেবল একটি শরীর চর্চা নয়-- এটি একটি পূর্ণাঙ্গ জীবন দর্শন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে যোগ আজ বিশ্বের কাছে ভারতের এক মহান উপহার হয়ে উঠেছে বলে তিনি মন্তব্য করেন । এটি শান্তি, সাম্য ও প্রকৃতির সঙ্গে সংযুক্তির প্রতীক বলেও তিনি মত প্রকাশ করেছেন ।

বাইট

---------

অনুষ্ঠানে উপস্থিত সাংসদ পরিমল শুক্লবৈদ্য তাঁর বক্তব্যে আধুনিক যুগে যোগের গুরুত্বের কথা তুলে ধরেন । তিনি বলেন- বর্তমান জীবনে মানসিক চাপ, উদ্বেগ ও জীবনচর্যা সংক্রান্ত রোগব্যাধি বৃদ্ধি পাচ্ছে । এই পরিস্থিতিতে যোগ একটি প্রাচীন তবে চিরকালীন সমাধান বলে তিনি উল্লেখ করেন । বিশেষ করে যুবসমাজের মধ্যে এর প্রসার ঘটানো অত্যন্ত জরুরি বলে তিনি মন্তব্য করেছেন ।

এতে অংশগ্রহণ করে রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ বলেন- যোগ একটি প্রাচীন ভারতীয় চর্যা হলেও বিজ্ঞানের দৃষ্টিকোণ থেকেও তা প্রমানিত । এর বৈজ্ঞানিক ভিত্তি এবং বিশ্বজোড়া গ্রহণযোগ্যতা ভারতের সাংস্কৃতিক ও জ্ঞানভিত্তিক নেতৃত্বকে তুলে ধরেছে ।

আজকের অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টদের মধ্যে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্তা, জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে প্রমুখ উপস্থিত ছিলেন । পরে কাছাড়ের জেলাস্তরে যোগাসন প্রতিযোগিতায় বিজয়ীদের সংবর্ধনা দেওয়া হয় ।

শ্রীভূমি জেলায় এই দিবসের মূল অনুষ্ঠান হয়েছে শহরের মিশন রোডের বিপিন চন্দ্র পাল স্মৃতি ভবনে । আজ সকালে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । এরপর বিভিন্ন বক্তা যোগাভ্যাসের প্রয়োজনীয়তা ও শারীরিক এবং মানসিক সুস্থতার উপর গুরুত্ব আরোপ করেন । অনুষ্ঠানে জেলার

বিভিন্ন যোগ প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থীরা যোগব্যায়াম প্রদর্শন করেন । এছাড়া এই জেলার যোগাসন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে মন্ত্রী শ্রী পাল যোগ দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে বক্তব্য রাখেন ।

বাইট

আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে আজ হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে হাইলাকান্দি টাউন হলে যোগব্যায়াম শিবিরের আয়োজন করা হয় । জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম এই শিবিরের উদ্বোধন করেন । এতে তিনি শরীর ও মনের সুস্বাস্থ্যের জন্য যোগ ব্যায়ামের ভূমিকার কথা তুলে ধরেন । এরপর সকাল সাড়ে ছ’টায় বিশাখাপত্তনম থেকে প্রধানমন্ত্রীর যোগাসন অনুষ্ঠান বড় পর্দায় দেখানো হয় । এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিল- যোগাসন প্রদর্শন, জেলার যোগাসন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ ইত্যাদি ।

ডিমা হাসাও জেলার সদর শহর হাফলঙে আজ এন এল দাওলাগাপু ইনডোর স্টেডিয়ামে যোগ দিবস উদযাপন করা হয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য কার্যালয় মালিগাওয়ের রেলওয়ে ইনডোর স্টেডিয়ামে আজ রেলওয়ের কর্মচারী, আধিকারিকরা এই দিবস পালন করেছেন ।

এছাড়া বরাক উপত্যকার বিভিন্ন ক্লাব, স্বেচ্ছাসেবী সংগঠন আজ এই দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করেছে । এরমধ্যে রয়েছে কাছাড় জেলার পি এন বি-আরসেটি-কাছাড়, মনিয়ারখাল বাণীশক্তি ক্লাব, জীবনদীপ বৃদ্ধাশ্রম, শিলচর শঙ্কর মঠ ও মিশন,উদীচি নেশামুক্তি ও পুর্নবাসন কেন্দ্র সহ জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে এই দিবস পালন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

দেশের সামগ্রিক প্রত্যক্ষ কর সংগ্রহের পরিমান ২০২৫-২৬ অর্থ বছরে ৪ দশমিক ৮-৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে । গত ১৯ জুন পর্যন্ত ৫ লক্ষ ৪৫ হাজার কোটি টাকা সংগ্রহ হয়েছে । গত বছর এই একই সময়ে এই কর সংগ্রহের পরিমাণ ছিল ৫ লক্ষ ১৯ হাজার কোটি টাকা । তবে শুদ্ধ প্রত্যক্ষ কর সংগ্রহের হার ১ দশমিক ৩-৯ শতাংশ হ্রাস পাওয়ার বিষয়টি পরিলক্ষিত হয়েছে । আয়কর বিভাগের জারী করা তথ্য অনুসারে প্রাথমিকভাবে কর সংগ্রহের পরিমাণ ১ লক্ষ ৫৫ হাজার কোটি টাকার অধিক হয়েছে এবং এই হার ৩ দশমিক ৮-৭ শতাংশ পর্যন্ত বৃদ্ধি হবে বলে অনুমান করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

গৌহাটি নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল থেকে অম্বুবাচী মহাযোগ অনুষ্ঠিত হবে । আগামীকাল দুপুর ২টো ৫৬ মিনিটে অম্বুবাচীর

প্রবৃত্তির সঙ্গে সঙ্গে কামাখ্যা মন্দিরের দরজা বন্ধ করে দেওয়া হবে । ২৬ জুন নিবৃত্তির সঙ্গে সঙ্গে মন্দির পরিষ্কার করে দেবীর পূজা-অর্চনার পর ভক্তদের জন্য মন্দিরের দুয়ার খোলা হবে । ইতিমধ্যেই দেশ-বিদেশের ভক্তদের সমাগমে কামাখ্যা মন্দিরে আনন্দ উল্লাস পরিস্থিতির সৃষ্টি হয়েছে । অম্বুবাচী মহাযোগ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য কামরূপ মহানগর জেলা প্রশাসন , পুলিশ ও কামাখ্যা মন্দির কর্তৃপক্ষ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । এই অনুসারে দুয়ার খোলার দুদিন অর্থাৎ ২৬ এবং ২৭ জুন ৫০১ টাকার বিশেষ টিকিটের ব্যবস্থা বন্ধ থাকবে । অনুরূপভাবে ভি-আই-পি , ভি-ভি-আই-পির জন্যও কোন ধরণের পাসের ব্যবস্থা থাকবে না । অন্যদিকে আইন-শৃঙ্খলা তথা তীর্থযাত্রী এবং ভক্তদের সুরক্ষার জন্য মন্দির প্রাঙ্গনে ১২০ জন স্থায়ী সুরক্ষা কর্মী , ৪শো জন স্কাউট গাইড ১৫০ জন স্বেচ্ছাসেবক , ২৫০ জন অস্থায়ী সুরক্ষা কর্মী নিয়োগ করা হয়েছে । দেবালয়ের চারপাশে ৫শোটি সি-সি-টি-ভি কেমেরা স্থাপন করা হয়েছে । অন্যদিকে পুলিশ প্রশাসনের জারী করা নির্দেশ অনুসারে সন্ধ্যা ৬টার পর ভক্তরা নীলাচল পাহাড়ে প্রবেশ করতে পারবেন না ।

---------------------------------------------------------------------------------

আদিবাসী জনসাধারণের উন্নয়ন ও কল্যাণের লক্ষ্যে ‘ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান’ এর আওতায় আজ শিলচরের গান্ধীভবনে আয়োজিত বিশেষ অভিযানে আদিবাসী সম্প্রদায়ের প্রাপ্য অধিকার শতকরা একশোভাগ বাস্তবায়নের লক্ষ্যে একগুচ্ছ জনমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রকের অর্থ বিভাগের আন্ডার সেক্রেটারি সুশীল বাড়িং । এছাড়া এই অনুষ্ঠানে শিলচর পৌর নিগম’এর ভারপ্রাপ্ত কমিশনার উনহালে আশিস বিদ্যাধর প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এই বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গান্ধীবাগ পার্কে একটি পথনাটকের আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------